بِسمِ اللَّهِ الرَّحمٰنِ الرَّحيمِ ﴿١﴾ الحَمدُ لِلَّهِ رَبِّ العالَمينَ ﴿٢﴾ الرَّحمٰنِ الرَّحيمِ ﴿٣﴾ مالِكِ يَومِ الدّينِ ﴿٤﴾ إِيّاكَ نَعبُدُ وَإِيّاكَ نَستَعينُ ﴿٥﴾ اهدِنَا الصِّراطَ
المُستَقيمَ ﴿٦﴾ صِراطَ الَّذينَ أَنعَمتَ عَلَيهِم غَيرِ المَغضوبِ عَلَيهِم وَلَا الضّالّينَ ﴿٧﴾

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু। (1) যাবতীয় প্রশংসা আল্লাহ তাআলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। (2) যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু। (3) যিনি বিচার দিনের মালিক। (4) আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি। (5) আমাদেরকে সরল পথ দেখাও, (6) সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে। (7)

بِسمِ اللَّهِ الرَّحمٰنِ الرَّحيمِ
قُل هُوَ اللَّهُ أَحَدٌ ﴿١﴾
اللَّهُ الصَّمَدُ ﴿٢﴾
لَم يَلِد وَلَم يولَد ﴿٣﴾
وَلَم يَكُن لَهُ كُفُوًا أَحَدٌ ﴿٤﴾

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু।
বলুন, তিনি আল্লাহ, এক, (1)
আল্লাহ অমুখাপেক্ষী, (2)
তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি (3)
এবং তার সমতুল্য কেউ নেই। (4)

Bismi Allahi alrrahmani alrrahee**mi**
Qul huwa Allahu aha**dun** (1)
Allahu alssamad**u** (2)
Lam yalid walam yoolad**u** (3)
Walam yakun lahu kufuwan aha**dun** (4)

In the name of Allah, most benevolent, ever-merciful.
SAY: “HE IS God the one the most unique, (1)
God the immanently indispensable. (2)
He has begotten no one, and is begotten of none. (3)
There is no one comparable to Him.” (4)

---
\quransurahbn

---

Translation by hoque:

তুমি বলো -- ''তিনি আল্লাহ্, একক-অদ্বিতীয়; (1)
''আল্লাহ্ -- পরম নির্ভরস্থল। (2)
''তিনি জন্ম দেন না, এবং জন্ম নেনও নি, (3)
''এবং কেউই তাঁর সমতুল্য হতে পারে না।'' (4)

Translation by khan:

বলুন, তিনি আল্লাহ, এক, (1)
আল্লাহ অমুখাপেক্ষী, (2)
তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি (3)
এবং তার সমতুল্য কেউ নেই। (4)

---
\quranayahbn[1][1]

---

Translation by hoque:

আল্লাহর নাম নিয়ে (আরম্ভ করছি), (যিনি) রহমান (--পরম করুণাময়, যিনি অসীম করুণা ও দয়া বশতঃ বিশ্বজগতের সমস্ত সৃষ্টির সহাবস্থানের প্রয়োজনীয় সব ব্যবস্থা অগ্রিম করে রেখেছেন), (যিনি) রহীম (--অফুরন্ত ফলদাতা, যাঁর অপার করুণা ও দয়ার ফলে প্রত্যেকের ক্ষুদ্রতম শুভ-প্রচেষ্টাও বিপুলভাবে সাফল্যমণ্ডিত ও পুরস্কৃত হয়ে থাকে)। (1)

Translation by khan:

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু। (1)

---
\quranpagebn*[2]

---

Translation by hoque:

আল্লাহর নাম নিয়ে (আরম্ভ করছি), (যিনি) রহমান (--পরম করুণাময়, যিনি অসীম করুণা ও দয়া বশতঃ বিশ্বজগতের সমস্ত সৃষ্টির সহাবস্থানের প্রয়োজনীয় সব ব্যবস্থা অগ্রিম করে রেখেছেন), (যিনি) রহীম (--অফুরন্ত ফলদাতা, যাঁর অপার করুণা ও দয়ার ফলে প্রত্যেকের ক্ষুদ্রতম শুভ-প্রচেষ্টাও বিপুলভাবে সাফল্যমণ্ডিত ও পুরস্কৃত হয়ে থাকে)। আলিফ, লাম, মীম। (1) ঐ গ্রন্থ, এতে কোনো সন্দেহ নেই, মুত্তকীদের জন্য পথপ্রদর্শক -- (2) যারা গায়েবে ঈমান আনে, আর নামায কায়েম করে, আর আমরা যে রিযেক তাদের দিয়েছি তা থেকে তারা খরচ করে থাকে। (3) আর তোমার কাছে যা-কিছু অবতীর্ণ হয়েছে তা'তে যারা ঈমান আনে, আর তোমার পূর্ববর্তীদের কাছে যা অবতীর্ণ হয়েছে তাতেও, আর আখেরাত সম্বন্ধে যারা দৃঢ়বিশ্বাস রাখে। (4) এরাই আছে তাদের প্রভুর তরফ থেকে হেদায়তের উপরে, আর এরা নিজেরাই হচ্ছে সফলকাম। (5)

Translation by khan:

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু। আলিফ লাম মীম। (1) এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই। পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য, (2) যারা অদেখা বিষয়ের উপর বিশ্বাস স্থাপন করে এবং নামায প্রতিষ্ঠা করে। আর আমি তাদেরকে যে রুযী দান করেছি তা থেকে ব্যয় করে (3) এবং যারা বিশ্বাস স্থাপন করেছে সেসব বিষয়ের উপর যা কিছু তোমার প্রতি অবতীর্ণ হয়েছে এবং সেসব বিষয়ের উপর যা তোমার পূর্ববর্তীদের প্রতি অবতীর্ণ হয়েছে। আর আখেরাতকে যারা নিশ্চিত বলে বিশ্বাস করে। (4) তারাই নিজেদের পালনকর্তার পক্ষ থেকে সুপথ প্রাপ্ত, আর তারাই যথার্থ সফলকাম। (5)